তারিখ 25 OCT 2016
পৃষ্ঠা ৭.৯ কলাম ৬

কালের কণ্ঠ

### শাহজালাল বিশ্ববিদ্যালয়

# সিন্ডিকেটের সিদ্ধান্ত না মেনে পদোন্নতি

**শাবিপ্রবি প্রতিনিধি ▷**

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সিন্ডিকেটের পুরনো সিদ্ধান্ত লঙ্ঘন করে সেই সহকারী প্রশাসনিক কর্মকর্তাকে পদোন্নতি দেওয়া হয়েছে। রবিবার ২০১তম সিন্ডিকেটে কামরান আহমেদ চৌধুরীকে প্রশাসনিক কর্মকতা পদে পদোন্নতি দেওয়া হয়। তবে পুরনো সিদ্ধান্ত লঙ্ঘনের বিষয়টি অনেক সিন্ডিকেট সদস্য জানেন না বলে একাধিক সূত্র জানিয়েছেন। এ নিয়ে গত ১২ অক্টোবর কালের কণ্ঠে 'সিন্ডিকেটের পুরনো সিদ্ধান্ত না মেনে পদোন্নতির আয়োজন' শিরোনামে সংবাদ প্রকাশিত হয়েছিল। উপাচার্যের আস্থাভাজন বেশ কয়েকজন উচ্চ পদস্থ কর্মকর্তার সুপারিশে এই পদোন্নতি দেওয়া হয়েছে বলে নিশ্চিত করেছে নির্ভরযোগ্য সূত্র। সিন্ডিকেট সূত্র জানায়, উপাচার্য অধ্যাপক ড. আমিনুল হক ভূইয়ার সভাপতিত্বে সিন্ডিকেট অনুষ্ঠিত হয়।

জানা যায়, ২০১০ সালের ৬ মে অনুষ্ঠিত সিন্ডিকেটের ১৫২তম সভায় কামরান আহমেদ চৌধুরীর সহকারী প্রশাসনিক কর্মকর্তা হিসেবে পদোন্নতিই সর্বশেষ পদোন্নতি বলে উল্লেখ করা হয়। কর্মকর্তা নীতিমালা-২০১৪ অনুযায়ী সহকারী প্রশাসনিক কর্মকর্তা থেকে প্রশাসনিক কর্মকর্তা পদে পদোন্নতির ক্ষেত্রে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য হবে না বলা হয়। কিন্তু তার এসএসসি, এইচএসসি এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে নেওয়া বিতর্কিত বিএ সার্টিফিকেটসহ সবগুলোতেই তৃতীয় বিভাগ রয়েছে।